গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সচিব, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন

এবং

সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০২০ - ৩০ জুন, ২০২১

# সূচিপত্র


উপক্রমণিকা

কর্মসম্পাদনের সার্বিক চিত্র

**সেকশন ১:** রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং প্রধান কার্যাবলি

**সেকশন ২:** বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

**সেকশন ৩:** কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

**সংযোজনী ১:** শব্দসংক্ষেপ

**সংযোজনী ২:** কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি

**সংযোজনী ৩:** কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা

## উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

সচিব, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন

এবং

সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

এর মধ্যে ২০২০ সালের ....................মাসের..................তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন :

## দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র

(Overview of the Performance of Bangabandhu Krirashebi Kalyan Foundation

### সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ০৬ আগস্ট, ১৯৭৫ তারিখে ক্রীড়া, খেলাধুলা ও শরীর চর্চায় যারা অবদান রেখেছেন বা রাখছেন তাদের কল্যাণার্থে ''বঙ্গাবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন'' প্রতিষ্ঠার প্রস্তাব সদয় অনুমোদন করেন। ০৯ 'বঙ্গাবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন আইন, ২০১১' (২০১১ সালের ৩নং আইন) প্রণয়নের মাধ্যমে ''বঙ্গাবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন'' এর কার্যক্রম শুরু হয়েছে। ফাউন্ডেশন কর্তৃক ২০১৬-২০১৭ অর্থবছরে ৬৩৮ জন ক্রীড়াসেবীকে ৯৫,৭০,০০০/- টাকা ও ২০১৭-২০১৮ অর্থ-বছরে ৬৪৫ জন ক্রীড়াসেবীকে ৯৬,৭৫,০০০/- ও ২০১৮-২০১৯ অর্থ-বছরে ১০৫০ জন ক্রীড়াসেবীকে ১,৫৭,৫০,০০০/- টাকা অনুদান প্রদান করা হয়েছে। ২০১৯-২০২০ অর্থ-বছরে ১১৫০ জন ক্রীড়াসেবীকে অনুদান প্রদান প্রক্রিয়াধীন।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

ফাউন্ডেশনের তহবিল স্বল্পতা এবং নীতিমালার সীমাবদ্ধতার কারণে সকল দুস্থ, আহত ও অসমর্থ ক্রীরাসেবী ও তাঁদের পরিবারকে অনুদানের আওতাভুক্ত করা এবং আইনে ক্রীড়াসেবীদের জন্য নির্ধারিত অন্যান্য কল্যাণমূলক কার্যক্রম গ্রহণ করা সম্ভব হচ্ছে না। প্রয়োজনীয় জনবলের অভাবে ফাউন্ডেশনের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করা সম্ভব হচ্ছে না। সাংগঠনিক কাঠামো ও কর্মচারী নিয়োগ প্রবিধানমালা না থাকায় কর্মকর্তা/কর্মচারী নিয়োগ করা সম্ভব হচ্ছে না।

**ভবিষ্যত পরিকল্পনা:**

সরকার কর্তৃক সংশোধিত নীতিমালা অনুমোদন এবং রাজস্ব বাজেট প্রয়োজনীয় অর্থ বরাদ্দ সাপেক্ষে অধিক সংখ্যক দুস্থ, আহত ও অসমর্থ ক্রীড়াসেবী ও তাদের পরিবারের জন্য মাসিক অনুদান প্রদান চালু করা হবে। এছাড়া ক্রীড়াক্ষেত্রে অসামান্য কৃতিত্বের জন্য বিশিষ্ট ক্রীড়াবিদ ও ক্রীড়া সংগঠকদের মধ্যে পুরস্কার প্রদান; ক্রীড়াবিদ ও ক্রীড়া সংগঠকদের দক্ষতার উৎকর্ষ সাধনের জন্য আর্থিক সহায়তা, বৃত্তি, অনুদান প্রদান এবং ক্রীড়াসেবীর পরিবারের মেধাবী সদস্যকে শিক্ষার জন্য বৃত্তি বা স্টাইপেন্ড প্রদান কর্মসূচি চালু করা হবে। তদুপরি ক্রীড়াসেবীদের সার্বিক কল্যাণার্থে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন; স্কীম প্রবর্তন ও বাস্তবায়ন এবং তহবিল বৃদ্ধির উদ্দেশ্যে স্থাবর ও অস্থাবর সম্পত্তি অর্জন ও পরিচালনা সহ আইনের বিধান অনুযায়ী অন্যান্য কার্যাবলী সম্পন্ন করা হবে। সর্বোপরি সংবিধিবদ্ধ সংস্থা হিসেবে ফাউন্ডেশনের জন্য স্থায়ী কার্যালয় স্থাপন ও সাংগঠনিক কাঠামো সৃজন সহ প্রাতিষ্ঠানিক অবকাঠামো উন্নয়ন করা হবে।

**২০২০-২০২১ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- ১১৫০ জন দুস্থ, আহত ও অসমর্থ ক্রীড়াসেবী অথবা তাঁদের পরিবারকে অনুদান প্রদান;
- বর্ধিত আকারে অনুদান ও অন্যান্য কল্যাণমূলক কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্যে বর্তমান নীতিমালার স্থলে পৃথক দুটি নীতিমালা প্রণয়ন।
- ফাউন্ডেশনের জন্য সাংগঠনিক কাঠামো অনুমোদন ও জনবল সৃজন;
- ফাউন্ডেশনের কর্মচারী নিয়োগ প্রবিধানমালা অনুমোদন এবং কর্মকর্তা/কর্মচারী নিয়োগ;
- স্থানীয় কর্তৃপক্ষ, প্রতিষ্ঠান, কোম্পানী বা ব্যক্তির নিকট হতে অনুদান সংগ্রহ।

## সেকশন ১:

### দপ্তর/সংস্থার রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

**১.১ রূপকল্প :**

ক্রীড়াসেবীদের দারিদ্র হ্রাস ও ক্রীড়ার মান উন্নয়ন।

**১.২ অভিলক্ষ্য :**

ক্রীড়া, খেলাধূলা ও শরীরচর্চায় উল্লেখযোগ্য অবদান রাখা ক্রীড়াসেবী ও তাদের পরিবারের কল্যাণ সাধনের মাধ্যমে দারিদ্র হ্রাস এবং ক্রীড়ার মান উন্নয়নে উৎসাহ প্রদান।

**১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ :**

**১.৩.১ ফাউন্ডেশনের কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. দুস্থ, আহত বা অসমর্থ ক্রীড়াসেবী এবং তাঁদের পরিবারকে অনুদান প্রদান।

**১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ:**

১.বার্ষিক কর্মসম্পাদনা চুক্তি বাস্তবায়ন জোরদার

২.কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন

৩.আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন

৪.জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ

**১.৪ প্রধান কার্যাবলি :**

১. দুস্থ, আহত বা অসমর্থ ক্রীড়াসেবী এবং তাঁদের পরিবারের জন্য চিকিৎসা ব্যবস্থা, আর্থিক সহায়তা, অনুদান প্রদান অথবা মাসিক বা বাৎসরিক বৃত্তি প্রদান;

২. ক্রীড়াক্ষেত্রে অসামান্য কৃতিত্বের জন্য বিশিষ্ট ক্রীড়াবিদ ও ক্রীড়া সংগঠকদের জন্য পুরস্কার প্রদান;

৩. ক্রীড়াবিদ ও ক্রীড়া সংগঠকদের দক্ষতার উৎকর্ষ সাধনের নিমিত্ত আর্থিক সহায়তা, বৃত্তি বা অনুদান প্রদান;

৪. ক্রীড়াসেবীর পরিবারের মেধাবী সদস্যকে শিক্ষার জন্য বৃত্তি বা স্টাইপেন্ড প্রদান;

৫. দুস্থ, আহত বা অসমর্থ ক্রীড়াসেবী এবং পরিবারের কল্যাণ ও পুনর্বাসনের উদ্দেশ্যে সরকারের পূর্বানুমোদনক্রমে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন;

৬. ক্রীড়াসেবীদের সার্বিক কল্যাণার্থে, সরকারের পূর্বানুমোদনক্রমে, বিভিন্ন ধরনের স্কীম প্রবর্তন, প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন;

সেকশন ২

## মন্ত্রণালয়/বিভাগের আউটকাম (Outcome)

| চূড়ান্ত ফলাফল /প্রভাব (Outcome/Impact) | কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicator) | একক (Unit) | প্রকৃত | | লক্ষ্যমাত্রা ২০১৯-২০ | প্রক্ষেপন | | নির্ধারিত লক্ষমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা সমূহের নাম | উপাত্ত সূত্র (Source of Data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৭-১৮ | ২০১৮-১৯* | | ২০২০-২১ | ২০২১-২২ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ক্রীড়াসেবীদের দারিদ্র হ্রাস ও ক্রীড়ার মান উন্নয়ন। | অনুদানপ্রাপ্ত ক্রীড়াসেবীর সংখ্যা। | জন | ৬৪৫ | ১০৫০ | ১১৫০ | ১১৫০ | ১৩০০ | (ক) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়<br>(খ) অর্থ বিভাগ | |

## সেকশন ৩ :

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষমাত্রাসমূহ।

| কৌশলগত উদ্দেশ্য Strategic Objectives | কৌশলগত উদ্দেশ্যের মান Weight of Strategic Objective | কার্যক্রম Activities | কর্মসম্পাদন সূচক Performance Indicator | গণনা পদ্ধতি (Calculation Method) | একক Unit | কর্মসম্পাদন সূচকের মান Weight of Performance Indicator | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২০২১ Target/Criteria Value for FY 2020-2021 | | | | | প্রক্ষেপন Projection ২০২১-২২ | প্রক্ষেপন Projection ২০২২-২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০১৮-২০১৯ | ২০১৯-২০২০ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | | |
| দুস্থ, আহত বা অসমর্থ ক্রীড়াসেবী এবং তাঁদের পরিবারকে অনুদান প্রদান। | ৭৫ | আর্থিক অনুদান প্রদান | অনুদানপ্রাপ্ত ক্রীড়াসেবীর সংখ্যা | সমষ্টিগত | জন | ৭৫ | ১০৫০ | ১১৫০ | ১১৫০ | ১১৪০ | ১১৩০ | ১১২০ | ১১১০ | ১৩০০ | ১৪৫০ |
| | | * ২০১৭-১৮ অর্থ-বছর পর্যন্ত যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক ক্রীড়াবিদ ও ক্রীড়াসংগঠকদের প্রদত্ত অনুদান ২০১৮-১৯ অর্থ-বছর হতে বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন কর্তৃক প্রদেয় অনুদানের সাথে একত্রিত ছে। হয়েছে। | | | | | | | | | | | | | |

**আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ (২০২০-২০২১)**

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicator) | লক্ষ্যমাত্রার মান: ২০২০-২০২১ | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| [১] দাপ্তরিক কর্মকাণ্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ | ১০ | [১.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন। | [১.১.১] এপিএ'র সকল ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | সংখ্যা | ২ | ৪ | - | - | - | - |
| | | | [১.১.২] এপিএ টিমের মাসিক সভা অনুষ্ঠিত | সংখ্যা | ১ | ১২ | ১১ | - | - | - |
| | | [১.২] শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময় | [১.২.১] মতবিনিময় সভা অনুষ্ঠিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | - | - |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা/অংশীজনদের অবহিতকরণ | [১.৩.১] অবহিতকরণ সভা আয়োজিত | সংখ্যা | ১ | ৪ | ৩ | ২ | - | - |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ | [১.৪.১] অবহিতকরণ সভা আয়োজিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | | - |
| | | [১.৫] তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ | [১.৫.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | | | |

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| [২] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | ৯ | [২.১]ই-নথি বাস্তবায়ন | [২.১.১] ই-নথিতে নোট নিষ্পত্তিকৃত | % | ২ | ৮০ | ৭০ | ৬০ | - | - |
| | | [২.২] ডিজিটাল সেবা চালুকরণ | [২.২.১] একটি নতুন ডিজিটাল সেবা চালুকৃত | সংখ্যা | ২ | ১৫-২-২১ | ১৫-৩-২১ | ১৫-৪-২১ | ১৫-৫-২১ | - |
| | | [২.৩] সেবা সহজিকরণ | [২.৩.১] একটি সহজিকৃত সেবা অধিক্ষেত্রে বাস্তবায়িত | সংখ্যা | ২ | ২৫-২-২১ | ২৫-৩-২১ | ২৫-৪-২১ | ২৫-৫-২১ | - |
| | | [২.৪] কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | [২.৪.১] প্রত্যেক কর্মচারির জন্য প্রশিক্ষণ আয়োজিত | জনঘন্টা | ১ | ৫০ | ৪০ | ৩০ | ২০ | - |
| | | | [২.৪.২] ১০ম গ্রেড ও তদূর্ধ্ব প্রত্যেক কর্মচারীকে এপিএ বিষয়ে প্রদত্ত প্রশিক্ষণ | জনঘন্টা | ১ | ৫ | ৪ | - | - | - |
| | | [২.৫] এপিএ বাস্তবায়নে প্রনোদনা প্রদান | [২.৫.১] ন্যূনতম একটি আওতাধীন দপ্তর/ একজন কর্মচারীকে এপিএ বাস্তবায়নের জন্য প্রনোদনা প্রদানকৃত | সংখ্যা | ১ | ১ | - | - | - | - |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৬ | [৩.১] বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন | [৩.১.১] ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় সম্পাদিত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | [৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)/বাজেট বাস্তবায়ন | [৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) /বাজেট বাস্তবায়িত | % | ২ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | [৩.৩] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৩.১] ত্রিপক্ষীয় সভায় উপস্থাপনের জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরিত | % | ১ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | - |
| | | | [৩.৩.২] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১ | ৫০ | ৪০ | ৩০ | ২৫ | - |
| | | [৩.৪] হালনাগাদকৃত স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ | [৩.৪.১] হালনাগাদকৃত স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা মন্ত্রণালয়/বিভাগে প্রেরিত | তারিখ | ১ | ১৫-১২-২০ | ১৫-১-২১ | ১৫-২-২১ | - | - |

আমি, সচিব, বঙ্গাবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন, বঙ্গাবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশনের চেয়ারম্যান মহোদয়ের প্রতিনিধি হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, বঙ্গাবন্ধু ক্রীড়াসেবী কল্যান ফাউন্ডেশনের নিকট অঙ্গীকার করছি যে, চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সংশ্লিষ্ট বিভাগকে সর্বাত্বক সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত :

মোঃ মোশারফ হোসেন মোল্লা
সচিব
বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।

সচিব
বঙ্গাবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন

তারিখ : ২৮/০৭/২০২০

সচিব
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

তারিখ : ২৮/০৭/২০২০

সংযোজনী-১

## শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নং | শব্দ সংক্ষেপ | বিবরণ |
|---|---|---|
| ০১. | বি,কে,কে,এফ (BKKF) | বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন<br>Bangabandhu Krirasheby Kalyan Foundation |

**সংযোজনী-২:** কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপন পদ্ধতি-এর বিবরন

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরন | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপন পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারন মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১. | আর্থিক অনুদান প্রদান | অনুদানপ্রাপ্ত ক্রীড়াসেবীর সংখ্যা | দুস্থ, আহত বা অসমর্থ ক্রীড়াসেবী এবং তাঁদের পরিবারের নিকট হতে অনুদানের জন্য অনলাইনে আবেদনপত্র গ্রহণ করা হয় এবং সংশ্লিষ্ট কমিটি কর্তৃক যাচাই/বাছাইয়ান্তে পরিচালনা বোর্ডের অনুমোদনক্রমে অনুদান প্রদান করা হয়। | বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়। | ফাউন্ডেশনের বোর্ড সভার কার্যবিবরণী, অনুদান প্রদান রেজিস্টার ও ক্যাশ বই। | |

**সংযোজনী-৩:** কর্মসম্পাদনে+র লক্ষ্যে অন্য মন্ত্রণালয়/বিভাগের নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

| প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/ প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরন না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| (ক) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়<br>(খ) অর্থ বিভাগ | ২০২০-২০২১ অর্থ-বছরের রাজস্ব বাজেটে ফাউন্ডেশনের অনুকূলে কল্যাণ অনুদান খাতে অর্থ বরাদ্দ | বরাদ্দকৃত অর্থ | ২০২০-২১ অর্থ-বছরে ২.৭৬ কোটি (দুই কোটি ছিয়াত্তর লক্ষ) টাকা বরাদ্দ প্রয়োজন | বিনিয়োগকৃত ফাউন্ডেশনের তহবিলের মুনাফার পরিমাণ উল্লেখযোগ্য হারে হ্রাস পাওয়ায় ২০২০-২০২১ অর্থ-বছরে প্রক্ষেপিত সংখ্যক ক্রীড়াসেবীকে এককালীন অনুদান প্রদান নিশ্চিতকল্পে চাহিত বরাদ্দ প্রদান জরুরী। | বরাদ্দ পাওয়া না গেলে অনুদান প্রাপ্য ক্রীড়াসেবীর সংখ্যা হ্রাস করতে হবে। |